

■■ যিলহজ মাসের প্রথম দশ দিন, ঈদ, কুরবানি ও আইয়ামে তাশরীকের দিনসমূহ

বিভাগ/অধ্যায়ঃ করনীয়, বর্জনীয় ও সুন্নাহ সমূহ রচয়িতা/সঙ্কলকঃ জাকেরুল্লাহ আবুল খায়ের

যবেহ করার সময় যে সকল বিষয় লক্ষণীয়

[১] যা যবেহ করা হবে তার সাথে সুন্দর আচরণ করতে হবে, তাকে আরাম দিতে হবে। যাতে সে কষ্ট না পায় সে দিকে লক্ষ রাখতে হবে। হাদিসে এসেছে—

عن شداد بن أوس رضى الله عنه أن النبي صلى الله عليه وسلم قال: «إن الله كتب الإحسان على كل شيء، في شداد بن أوس رضى الله عنه أن النبي صلى الله عليه وسلم قال: «إن الله كتب الإحسان على كل شيء، وليحد أحدكم شفرته، فليرح ذبيحته ». [رواه مسلم القتل، وإذا ذبحتم، فأحسنوا الذبح، وليحد أحدكم شفرته، فليرح ذبيحته ». [رواه مسلم القاتم القاتم القتل، وإذا ذبحتم، فأحسنوا الذبح، وليحد أحدكم شفرته، فليرح ذبيحته ». [رواه مسلم القاتم القتل، وإذا أنبحتم، فأحسنوا الذبح، وليحد أحدكم شفرته، فليرح ذبيحته ». [رواه مسلم القاتم القتل، وإذا أنبحتم، فأحسنوا الذبح، وليحد أحدكم شفرته، فليرح ذبيحته ». [رواه مسلم القاتم القتل، وإذا أنبحتم، فأحسنوا الذبح، وليحد أحدكم شفرته، فليرح ذبيحته ». [رواه مسلم القتل، وإذا أيالة علي القتل، وإذا أيالة على القتل، و

[২] যদি উট যবেহ করতে হয় তবে তা নহর করবে। নহর হল উটিটি তিন পায়ের উপর দাঁড়িয়ে থাকবে আর সম্মুখের বাম পা বাধা থাকবে। তার বুকে ছুরি চালানো হবে। কেননা আল্লাহ রাব্বুল আলামিন বলেছেন:—

[فَأَناكُرُواْ ٱساءَمَ ٱللَّهِ عَلَياتِهَا صَوَآفًا؟ ٣٦ ﴾ [الحج: ٣٦ ﴿

'সুতরাং সারিবদ্ধভাবে দণ্ডায়মান অবস্থায় তাদের উপর তোমরা আল্লাহর নাম উচ্চারণ কর।'[2]

ইবনে আব্বাস রা. বলেন: এর অর্থ হল তিন পায়ে দাঁড়িয়ে থাকবে আর সামনের বাম পা বাধা থাকবে।

উট ছাড়া অন্য জন্তু হলে তা তার বাম কাতে শোয়াবে। ডান হাত দিয়ে ছুরি চালাবে। বাম হাতে জন্তুর মাথা ধরে রাখবে। মোস্তাহাব হল যবেহকারী তার পা জন্তুটির ঘাড়ে রাখবে। যেমন ইতিপূর্বে আনাস রা. বর্ণিত বুখারির হাদিসে আলোচনা করা হয়েছে।

[৩] যবেহ করার সময় বিসমিল্লাহ বলতে হবে। কারণ আল্লাহ রাব্বুল আলামিন বলেন:—

[فَكُلُواْ مِمَّا ذُكِرَ ٱسكَمُ ٱللَّهِ عَلَيكِهِ إِن كُنتُم بَّايِّتِهِ ؟ مُؤكمنِينَ ١١٨ ﴾ [الانعام: ١١٨ ﴿

'যার উপর আল্লাহর নাম [বিসমিল্লাহ] উচ্চারণ করা হয়েছে তা থেকে তোমরা আহার কর।'[3] যবেহ করার সময় তাকবীর বলা মোস্তাহাব। যেমন হাদিসে এসেছে:—

عن جابر رضى الله عنه ... وأتى بكبش ذبحه رسول الله صلى الله عليه وسلم بيده وقال: «بِسْمَ اللهِ وَاللهُ [رواه أبو داود وصححه الألباني [أَكْبُرُ، اَللهُمَّ هَذَا عَنِيْ وَعَمَّنْ لَمْ يُضْبَحِّ مِنْ أُمَّتِيْ ». [رواه أبو داود وصححه الألباني

জাবের রা. থেকে বর্ণিত... একটি দুম্বা আনা হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ হাতে যবেহ



করলেন এবং বললেন 'বিসমিল্লাহ ওয়া আল্লাহু আকবর, হে আল্লাহ! এটা আমার পক্ষ থেকে। এবং আমার উম্মতের মাঝে যারা কুরবানি করতে পারেনি তাদের পক্ষ থেকে।' অন্য হাদিসে এসেছে—

ضحى رسول الله على الله عليه وسلم بكبشين أملحين أقرنين، ويسمى ويكبر. [سنن الدارمي وسنده

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দুটি শিং ওয়ালা ভেড়া যবেহ করলেন, তখন বিসমিল্লাহ ও আল্লাহ্ আকবার বললেন।[4] যবেহ করার সময় বিসমিল্লাহ আল্লাহ্ আকবর পাঠের পর—فَانَ وَلَكَ—[হে আল্লাহ্ এটা তোমার তরফ থেকে, তোমারই জন্য] বলা যেতে পারে। যার পক্ষ থেকে কুরবানি করা হচ্ছে তার নাম উল্লেখ করে দোয়া করা জায়েয আছে। এ ভাবে বলা—'হে আল্লাহ্ তুমি অমুকের পক্ষ থেকে কবুল করে নাও।' যেমন হাদিসে এসেছে আয়েশা রা. থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কুরবানির দুম্বা যবেহ করার সময় বললেন:-

'আল্লাহ নামে, হে আল্লাহ! আপনি মোহাম্মদ ও তার পরিবার-পরিজন এবং তার উম্মতের পক্ষ থেকে কবুল করে নিন।'[5]

কুরবানির মাংস কারা খেতে পারবেন:

কুরবানির মাংস কুরবানি দাতা নিজে খাবেন, ফকির মিসকিনকে দান করবেন এবং আত্মীয় স্বজনদের উপহার হিসেবে দিতে পারবেন। আল্লাহ রাব্বুল আলামিন বলেন:-

'অতঃপর তোমরা উহা হতে আহার কর এবং দুস্থ, অভাবগ্রস্তকে আহার করাও।'[6] রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানির মাংস সম্পর্কে বলেছেন:—

.كلوا وأطعموا وادخروا ».رواه البخاري من حديث سلمة ابن الأكوع»

'তোমরা নিজেরা খাও ও অন্যকে আহার করাও এবং সংরক্ষণ কর।'[7]

'আহার করাও' বাক্য দ্বারা অভাবগ্রস্তকে দান করা ও ধনীদের উপহার হিসেবে দেয়াকে বুঝায়। কতটুকু নিজেরা খাবে, কতটুকু দান করবে আর কতটুকু উপহার হিসেবে প্রদান করবে এর পরিমাণ সম্পর্কে কুরআনের আয়াত ও হাদিসে কিছু বলা হয়নি। তাই উলামায়ে কেরাম বলেছেন: কুরবানির মাংস তিন ভাগ করে একভাগ নিজেরা খাওয়া, এক ভাগ দরিদ্রদের দান করা ও এক ভাগ উপহার হিসেবে আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও প্রতিবেশীদের দান করা মোস্তাহাব।

কুরবানির মাংস যতদিন ইচ্ছা ততদিন সংরক্ষণ করে খাওয়া যাবে। 'কুরবানির মাংস তিন দিনের বেশি সংরক্ষণ করা যাবে না'—বলে যে হাদিস রয়েছে তার হুকুম রহিত হয়ে গেছে। তাই যতদিন ইচ্ছা ততদিন সংরক্ষণ করে রাখা যায়।

তবে ইমাম ইবনে তাইমিয়া রহ. এ বিষয়ে একটা সুন্দর ব্যাখ্যা দিয়েছেন। তিনি বলেছেন: সংরক্ষণ নিষেধ হওয়ার কারণ হল দুর্ভিক্ষ। দুর্ভিক্ষের সময় তিন দিনের বেশি কুরবানির মাংস সংরক্ষণ করা জায়েয় হবে না। তখন



'সংরক্ষণ নিষেধ' সম্পর্কিত হাদিস অনুযায়ী আমল করতে হবে। আর যদি দুর্ভিক্ষ না থাকে তবে যতদিন ইচ্ছা কুরবানি দাতা কুরবানির মাংস সংরক্ষণ করে খেতে পারেন। তখন 'সংরক্ষণ নিষেধ রহিত হওয়া' সম্পর্কিত হাদিস অনুযায়ী আমল করা হবে।

কুরবানির পশুর মাংস, চামড়া, চর্বি বা অন্য কোনো কিছু বিক্রি করা জায়েয নয়। কসাই বা অন্য কাউকে পারিশ্রমিক হিসেবে কুরবানির মাংস দেয়া জায়েয নয়। হাদিসে এসেছে:—

[ولا يعطى في جزارتها شيئا [رواه البخاري ومسلم

'তার প্রস্তুত করণে তার থেকে কিছু দেয়া হবে না।[8]' তবে দান বা উপহার হিসেবে কসাইকে কিছু দিলে তা না-জায়েয হবে না।

ফুটনোট

[1] মুসলিম: ১৯৫৫

[2] সূরা হজ, আয়াত: ৩৬

[3] সূরা আনআম, আয়াত: ১১৮

[4] দারমী: ১৯৮৮

[5] মুসলিম: ১৯৬৭

[6] সূরা হজ, আয়াত: ২৮

[7] বুখারি: ৫৫৬৯

[৪] বুখারি: ১৭১৬, মুসলিম: ১৩১৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=2974

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন